

বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২ ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১৪০.১৫.০০৪.১৮- ২৪২০

তারিখ ২০ পৌষ, ১৪২৫।
২৪ ডিসেম্বর, ২০১৮।

বিষয়ঃ Contempt Petition নং ৫৪৭/২০১৮ (রিট পিটিশন নং ৭৪৫৮/২০১৭ থেকে উদ্ভূত) এর বিষয়ে মামলা পরিচালনাসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, সহকারী শিক্ষক, ছাতিয়ান বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, রূপগঞ্জ, নারায়নগঞ্জ গং (মোট ২৬ জন) ভূয়া ও জাল রেকর্ডপত্র সৃজনের মাধ্যমে নিজেদেরকে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক দাবী করে চাকুরী পাওয়ার জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৭৪৫৮/২০১৭ দায়ের করেন। সরকার পক্ষ থেকে সংশ্লিষ্ট বিজ্ঞ ডিএজি মহোদয়ের মাধ্যমে যথাসময়ে মামলার জবাব (এফিডেভিট ইন অপোজিশন) কোর্টে দাখিল করা হয়েছে। মামলার রায় গত ২০.০৩.২০১৮ তারিখে ঘোষণা করা হয় এবং মামলার রায় সরকারের বিপক্ষে হয়েছে। রায়ের বিরুদ্ধে যথাসময়ে সিপি/আপীল দায়েরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তরের আইন কোষের স্মারক নং ৩৮.১১৪.০০৪.০২.০১.৩২০.২০১৭-৪৫৫, তারিখ ১২ এপ্রিল ২০১৮ এর মাধ্যমে তাঁকে প্রস্তাবসহ সংশ্লিষ্ট রেকর্ডপত্র (৩১২ পাতা) প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। উল্লেখ্য যে, রায়ের বিরুদ্ধে বিজ্ঞ এটর্নী জেনারেল মহোদয়ের দপ্তরের মাধ্যমে যথাসময়ে সিএমপি নং ৬৭৪/২০১৮ দায়ের করা হয়েছে।

২। ইতোমধ্যে মামলার পিটিশনারগণ রায় বাস্তবায়নের জন্য সরকারের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে Contempt Petition নং ৫৪৭/২০১৮ দায়ের করেছেন। এমতাবস্থায়, মূল রিট পিটিশন নং ৭৪৫৮/২০১৭ এর রায়ের বিরুদ্ধে সিপি/আপীল দায়েরের বিষয়ে সর্বশেষ অবস্থা অবহিতকরণের অনুরোধসহ Contempt Petition নং ৫৪৭/২০১৮ সরকার পক্ষে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ওকালতনামা ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনানুগ ২৩ (তেইশ) পাতা।

(মোঃ আব্দুল আলীম) ২০/১২/১৮
সহকারী পরিচালক (আইন কোষ)
পক্ষে- মহাপরিচালক

এ্যাডভোকেট মোহাম্মদ মাহমুদ হাসান
প্যানেল এ্যাডভোকেট
হাউজ-১১/এ, রোড-১৯, ব্লক-জি
বসুন্ধরা আ/এ, ঢাকা।

স্মারক নং-৩৮.১১৪.০০৪.০২.০১.০২২.২০১৮- ২৪২০/১

তারিখ ২০ পৌষ ১৪২৫।
২৪ ডিসেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো।

- ১। সহকারী সচিব (আইন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সংরক্ষণ নথি।

(মোঃ আব্দুল আলীম) ২০/১২/১৮
সহকারী পরিচালক (আইন কোষ)